

মদন সরকারি ডিগ্রি কলেজে ৪৪ শিক্ষকের পদ শূন্য

■ মদন (নেত্রকোনা) প্রতিনিধি
মদন সরকারি হাজি আবদুল আজিজ খান ডিগ্রি কলেজের তথ্য ও যোগাযোগ
প্রযুক্তি, প্রাণিবিদ্যা, দর্শন, অর্থনীতি বিষয়ে শিক্ষকের পদসহ ৪৪টি পদ শূন্য
রয়েছে। তা ছাড়া বাংলা ও ইংরেজি বিষয়ে একজন করে শিক্ষক নিয়োগ থাকায়
তারাও সঠিকভাবে পাঠদান করতে পারছেন না।

লেখাপড়া | এ কলেজের ১৫টি বিষয়ে এইচএসসি ও ৯টি
ব্যাহত | বিষয়ে স্নাতক কোর্স চালু রয়েছে। এখানে শিক্ষার্থীর
সংখ্যা দুই হাজার ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে
একাদশ ও দ্বাদশ শ্রেণিতে একজনও শিক্ষক না থাকায় ডিজিটাল যুগের
শিক্ষার্থীরা এ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

১৯৮৬ সালে প্রতিষ্ঠিত এ কলেজটি ২০১৩ সালের মে মাসে জাতীয়করণ
করা হয়। কিন্তু অদ্যাবধি প্রয়োজনীয় শিক্ষকের পদ সৃষ্টি করা হয়নি। প্রত্যেক
থেকে শুরু করে সহযোগী অধ্যাপক পর্যন্ত এখানে ৬০ জন শিক্ষক থাকা
প্রয়োজন। রয়েছেন মাত্র ১৬ জন। আর তিনজন এমপিওভুক্ত ও তিনজন
ননএমপিওভুক্ত প্যারা শিক্ষক রয়েছেন।

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী সাক্বির, জামিল, কামরুল, রবিন, নাসিম, সাথী, জেনি
ও টান্দনী আক্তার জানায়, ভর্তি হওয়ার পর থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির
ক্লাস হয় না। হাতেগোনা কয়েকটি ইংরেজি ও বাংলা ক্লাস হয়েছে। ফলে
শিক্ষার্থীরা প্রাইভেট পড়তে বাধ্য হচ্ছে।

কলেজ অধ্যক্ষ প্রফেসর মো. শফিকুল ইসলাম বলেন, ইংরেজি, বাংলা, তথ্য
ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে শিক্ষক সংকট নিয়ে মাসে দু'বার মাধ্যমিক ও
উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) লিখিত প্রতিবেদন পাঠানো হচ্ছে।